

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd




স্মারক নং-৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০১৬.১৯. ৪২০

তারিখঃ ১০/১১/২০২০ খ্রিঃ

বিষয়ঃ ব্যাখ্যা তলব।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার মির্জাগঞ্জ উপজেলায় কর্মরত মাঠ সংগঠক জনাব ফৌজিয়া আক্তার ঋণ নথি সঠিকভাবে প্রস্তুত না করা, অনিয়মতান্ত্রিকভাবে কয়েকজনের ঋণের অর্থ একজনকে বিতরণ, সাপ্তাহিকভাবে কিস্তি আদায় না করা, পাশ বহি যথাযথভাবে ব্যবহার না করা, সমিতির যে সকল পাশ বহি পাওয়া গেছে সেগুলো ও ডব্লিউ সি এস যাচাই করে দেখা যায় আদায় এর চেয়ে কোথাও কম আবার কোথাও বেশী পোষ্টিং দেয়ায় হিসাবের গড়মিল, আদায়কৃত অর্থ দৈনন্দিনভাবে জমাদান না করা সহ নানা অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের সঙ্গে জড়িত। এমতাবস্থায়, কর্মসূচি বাস্তবায়নের স্বার্থে এবং এ ধরনের অফিস শৃঙ্খলা পরিপন্থী কার্যক্রমের জন্য কেন কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) শর্তানুযায়ী কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে আপনাকে কেন অপসারণ করা হবে না তার জবাব ০৭(সাত) কার্যদিবসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণের জন্য বলা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক,
ইরেসপো, বিআরডিবি, ঢাকা

জনাব ফৌজিয়া আক্তার
মাঠ সংগঠক,
ইরেসপো, বিআরডিবি,
মির্জাগঞ্জ, পটুয়াখালী

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী।
২. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
৪. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, বিআরডিবি, ইরেসপো, উপজেলাঃ মির্জাগঞ্জ জেলাঃ পটুয়াখালী।
৫. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।

সদয় অবগতির জন্যঃ

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।